**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রকল্প পরিচালকের কার্যালয়
একসেস প্রকল্প (বিএলপিএ কম্পোনেন্ট)
এফ- ১৯/এ, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
ই-মেইলঃ pdaccessblpa@gmail.com

স্মারক নং: ১৮.১৫.০০০০.০২৩.১৪.০৭৮.২৬-২৭০

তারিখঃ ০৯ জুলাই, ২০২৬ খ্রিঃ

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS)- Bangladesh Phase 1: (BLPA Component)' প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও উপর্যুক্ত প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শূন্যপদের জন্য সরাসরি/ডাকযোগে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | বয়স সীমা (বছর) | আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | ০১ | সর্বসাকূল্যে ১৮,৬০০/- (১৪তম গ্রেড) | ৩২ | (ক) বাণিজ্য/ একাউন্টিং বিভাগ থেকে বি.কম ডিগ্রি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ন।<br>(খ) সকল পরীক্ষায় ২য় শ্রেণীর নিম্নে নয়।<br>(গ) সরকারী প্রতিষ্ঠান/ উন্নয়ন প্রকল্পে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার কাজে (MS Excel সহ) দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে |

**আবেদনের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

০১. নিম্নোক্ত বিয়মাবলি অনুসরণ করে সরাসরি/ডাকযোগে আবেদন করা যাবে:

- আবেদনের সময়সীমা; ১৫ জুলাই, ২০২৬ তারিখ বেলা ১০.০০ ঘটিকা থেকে ০৬ আগষ্ট, ২০২৬ তারিখ বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত;
- আবেদন ফি (সাধারণ): ২০০ টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- আবেদন ফরম https://blpa.gov.bd এ পাওয়া যাবে;

০২. আবেদন গ্রহণ শুরুর তারিখে (১৫ জুলাই, ২০২৬) প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন আনা হলে তা অনুসরণযোগ্য হবে।

০৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে চাকুরীতে প্রথম যোগদান পর্যন্ত কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫. এই নিয়োগ ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ স্থলবন্দরের ওয়েবসাইট https://blpa.gov.bd এ পওয়া যাবে। আবেদনের সময় হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষার ফলাফল, মৌখিক পরীক্ষার সিডিউল, চূড়ান্ত ফলাফল, নিয়োগপত্রসহ সকল তথ্য https://blpa.gov.bd এ প্রকাশ করা হবে।

০৬. আবেদনের সাথে সংযুক্ত করতে হবে: (ক) উল্লিখিত সকল সনদ/কাগজপত্রাদির ফটোকপি, (খ) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, (গ) নিজ জেলার পৌর মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিত্ব সনদপত্র, (ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (ঙ) অভিজ্ঞতা সনদ। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৭. চূড়ান্ত মনোনীত প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, পুলিশ ভেরিফিকেশন-এ বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে, স্বাস্থ্যগত অযোগ্যতার প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোন গুরুতর ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া, ক্ষেত্রবিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে।

০৮. যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং এরূপ ক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন যে কোন পর্যায়ে চাকরিতে আবেদনকারীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯. নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ আব্দুর রাজ্জাক
প্রকল্প পরিচালক

# চাকুরির আবেদন ফরম

সম্প্রতি তোলা চার কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি ষ্ট্যাপলার করতে হবে

বরাবর
প্রকল্প পরিচালক
একসেস প্রকল্প, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
এফ- ১৯/এ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | তারিখঃ দি ন মা স ব ৎ স র | |
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | |
| ৫. | জন্ম তারিখ ঃ দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা) ঃ | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নাম ঃ | | |
| ৯. | পিতার নাম ঃ | | |
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্ট কোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ |
| ১২. | জাতীয়তা ঃ | ১৩. জেন্ডার ঃ | |
| ১৪. | ধর্ম ঃ | ১৫. পেশা ঃ | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা ঃ | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখকরুন) ঃ |
| ২০. | পোষ্টাল অর্ডার নম্বরঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

সংযুক্তি: নিয়োগ বিজ্ঞপ্তির ০৬ নং অনুচ্ছেদ অনুযায়ী।

তারিখ ঃ দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর